

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৫০৮

১৩/ বিচার ও বিধান (کتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৯২. গর্ত থেকে ইঁদুর যা বের করে দেয়, তার বিধান

بَابِ الْتِقَاطِ مَا أَخْرَجَ الْجُرَذُ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بُنُ بَشَّارٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بِنْ خَالِد بِنِ عَثْمَةَ، حَدَّثَنِي مُوسَى بِنُ يَعْقُوبَ الزَّمْعِيُّ، حَدَّثَنِي عَمَّتِي، قُرَيْبَةُ بِنْتُ عَبْدِ اللَّهِ أَنَّ أُمَّهَا، كَرِيمَةَ بِنْتَ الْمِقْدَادِ بِنِ عَمْرٍو الْمَقْدَادِ بِنِ عَمْرٍو، أَنَّهُ خَرَجَ ذَاتَ يَوْمٍ إِلَى الْبَقِيعِ أَخْبَرَتُهَا عَنْ ضَبُاعَةَ بِنْتِ النَّاسُ لَا يَذْهَبُ أَحَدُهُمْ فِي حَاجَتِهِ إِلاَّ فِي الْيَوْمَيْنِ وَالثَّلاَثَةِ وَهُو الْمَقْبَرَةُ لِحَاجَتِهِ وَكَانَ النَّاسُ لَا يَذْهَبُ أَحَدُهُمْ فِي حَاجَتِهِ إِلاَّ فِي الْيَوْمَيْنِ وَالثَّلاَثَةِ فَهُو الْمَقْبَرُةُ لِحَاجَتِهِ إِلاَّ فِي الْيَوْمَيْنِ وَالثَّلاَثَةِ فَهُو الْمَقْرَبُ كَمَا تَبْعَرُ الإِيلُ ثُمَّ دَخَلَ خَرِيَةً فَيَيْنَمَا هُوَ جَالِسٌ لِحَاجَتِهِ إِنْ رَأَى جُرُدًا أَخْرَجَ مَنْ مَنْ جُحْدٍ دِينَارًا ثُمَّ دَخَلَ فَلَمْ حَرَّيَةً فَيَيْنَمَا هُوَ جَالِسٌ لِحَاجَتِهِ إِنْ رَأَى جُرُدُا أَخْرَجَ مَنْ مِنْ جُحْدٍ دِينَارًا ثُمَّ دَخَلَ فَلَا مُؤْدَرَجُ آخَرَ حَتَّى أَخْرَجَ سَبْعَةَ عَشَرَ دِينَارًا ثُمَّ أَخْرَجَ طَرَفَ خَرْقَةَ فَوَجَدْتُ فِيهَا دِينَارًا فَتَمَّتْ ثَمَانِيَةَ عَشَرَ دِينَارًا فَكَمْ مُرَاءً . قَالَ الْمِقْدَادُ فَسَلَلْتُ الْخِرْقَةَ فَوَجَدْتُ فِيهَا دِينَارًا فَتَمَّتْ ثَمَانِيَةَ عَشَرَ دِينَارًا فَخَرَجُ بِهَا كَ مِلَى الله عليه وسلم فَأَخْبَرْتُهُ خَبَرَهَا حَرَّهُ فَلَا مُثَرَاءً مَ عُنَ مَلَاكَ أَيْعُتَ يَدَكَ فِي الْجُحْرِ " . قُلْتُ لَا وَالَّذِي أَكْرَمَكَ بِالْحَقِّ . قَالَ فَلَمْ يَقْنَ الْجُرُهُا حَتَّى مَاتَ .

#### বাংলা

১/২৫০৮। মিকদাদ ইবনে 'আমর (রাঃ) থেকে বর্ণিত। প্রাকৃতিক প্রয়োজনে তিনি একদিন আল-বাকী নামক কবরস্থানে যান। তৎকালে লোকেরা দু'-তিন দিন পরপর প্রাকৃতিক প্রয়োজন সারতো। তারা উটের বিষ্ঠা সদৃশ মল ত্যাগ করতো। অতঃপর তিনি একটি বিরান ঘরে প্রবেশ করেন। তিনি বসে প্রয়োজন সারছিলেন, হঠাৎ দেখলেন যে, একটি ইঁদুর তার গর্ত থেকে একটি দীনার বের করলো। তারপর সে গর্তে প্রবেশ করে আর একটি দীনার বের করলো। ইঁদুরটি এভাবে পরপর সতেরটি দীনার বের করলো, অতঃপর একটি লাল কাপড়ের টুকরা টেনে বের করলো। মিকদাদ (রাঃ) বলেন, আমি আস্তে আস্তে কাপড়ের টুকরাটি টেনে উঠালাম এবং তার মধ্যেও একটি দীনার পেলাম।



এভাবে মোট আঠারটি দীনার হলো। আমি সেগুলো নিয়ে সরাসরি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট চলে এলাম এবং বিষয়টি তাঁকে জানালাম। আমি আরো বললাম, ইয়া রাসূলাল্লাহ! এর যাকাত গ্রহণ করুন। তিনি বলেনঃ তুমি এগুলো নিয়ে যাও এবং এর কোন যাকাত নেই। আল্লাহ এগুলোতে তোমার বরকত দান করুন। অতঃপর তিনি বলেনঃ মনে হয় তুমি গর্তের মধ্যে তোমার হাত ঢুকিয়েছিলে। আমি বললাম, সেইসত্তার শপথ যিনি আপনাকে সত্য দীন দ্বারা মর্যাদাবান করেছেন! আমি গর্তে হাত ঢুকাইনি। রাবী বলেন, এর শেষ দীনারটি তার ইনতিকাল পর্যন্ত অবশিষ্ট ছিলো।

### **English**

It was narrated from Migdad bin 'Amr:

That he went out one day to Al-Baqi', which is the graveyard, to relieve himself. People used to go out to relieve themselves only every two or three days, and their faces was like that of a camel (because of hunger and rough food). Then he entered a ruin and while he was squatting to relieve himself, he saw a rat bringing a Dinar out of a hole, then it went in and brought out another, until it had brought out seventeen Dinars. Then it brought out a piece of red rag.Miqdad said: "I picked up the rag and found another Dinar inside it, thus completing eighteen Dinar. I took them out and brought them to the Messenger of Allah (), and told him what had happened. I said, 'Take its Sadaqah (charity), O Messenger of Allah ().' He said: 'Take them back, for no Sadaqah is due on them. May Allah (SWT) bless them for you.' Then he said: 'Perhaps you put your hand in the hole?' I said: 'No, by the One Who has honored you with the truth."

## ফুটনোট

আবৃ দাউদ ৩০৮৭, তা'লীক ইবনু মাজাহ। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন খালিদ বিব আসমাহ সম্পর্কে আবু বাকর আল-বায়হাকী বলেন, আমার দৃষ্টিতে তিনি সিকাহ। আহমাদ বিন হাম্বল বলেন, তার হাদিস বর্ণনায় আমি কোন সমস্যা দেখি না। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। ইমাম যাহাবী বলেন, তিনি সত্যবাদী। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫১৭৯, ২৫/১৪৩ নং পৃষ্ঠা) ২. মুসা বিন ইয়াকুব আয-যামঈ সম্পর্কে আবুল হাসান ইবনুল কান্তান বলেন, তিনি সিকাহ। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার স্মৃতিশক্তি দুর্বল। ইমাম দারাকুতনী বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৩১৫, ২৯/১৭১ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=43124}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন